

প্রাকৃতিক সপ্তাশ্চর্য

ধরিত্রী দিবসে প্রকৃতির জন্য ভোট দেওয়ার আহ্বান

সারা পৃথিবীর প্রাকৃতিক স্থানগুলোর মধ্যে কোন সাতটি সেরা, ইন্টারনেট ভোটের মাধ্যমে তা নির্বাচনের প্রক্রিয়া চলছে এখন। এর উদ্যোক্তা নিউ সেভেন ওয়ান্ডার্স ফাউন্ডেশন আজ বিশ্ব ধরিত্রী দিবসে প্রকৃতির জন্য সবাইকে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছে। সুইজারল্যান্ডের জুরিখে নিউ সেভেন ওয়ান্ডার্সের কার্যালয় থেকে গতকাল সোমবার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ আহ্বান জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রকৃতির সৌন্দর্য নিয়ে সারা পৃথিবীর ছোট-বড় সবাই মেতে উঠুক—এটাই প্রাকৃতিক সপ্তাশ্চর্য নির্বাচনের প্রক্রিয়ার একটা উদ্দেশ্য। এ নির্বাচনের প্রক্রিয়ায় এখন কোটি কোটি মানুষ একাঘা হয়েছে।

ধরিত্রী দিবসের প্রাক্কালে দেওয়া এ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, নিউ সেভেন ওয়ান্ডার্স ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট বার্নার্ড ওয়েবার বলেছেন, প্রকৃতির সৌন্দর্য নিয়ে এই উৎসাহ-উদ্দীপনা বিভিন্ন দেশ-মহাদেশের মানুষের মধ্যে একটা সেতু রচনা করবে। বিভিন্ন দেশের মানুষ একত্রে কাজ করার সুযোগ পাবে। নানা দেশের নানা রকম প্রকৃতিকে মানুষ এই নির্বাচনের প্রক্রিয়ার মধ্য দিয়ে চিনতে পারবে বলেও তিনি মন্তব্য করেন।

প্রসঙ্গত, প্রাকৃতিক সপ্তাশ্চর্য নির্বাচনের এখন প্রাথমিক প্রক্রিয়া চলছে। প্রাথমিক মনোনয়নের তালিকায় ভোটের দিক থেকে বাংলাদেশের কক্সবাজার সমুদ্রসৈকতের অবস্থান গতকাল পর্যন্ত দুই নম্বরে আছে। আনুষ্ঠানিক সমর্থক কমিটি না থাকায় শুরুতে ওপরের দিকে থাকা সুন্দরবন এখন তালিকার বাইরে রয়েছে।

www.new7wonders.com/nature
ঠিকানার ওয়েবসাইটে গিয়ে প্রাকৃতিক সপ্তাশ্চর্য নির্বাচনের জন্য ভোট দেওয়া যায়।

—নিজস্ব প্রতিবেদক

This report based on
the Earth Day prees
release from n7w
foundation.